প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড

এবং

সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ০১, ২০১৫- জুন ৩০, ২০১৬

# সূচীপত্র


বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ---------------------------- পৃষ্ঠা - ১

সেকশন-১ : বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ ও কার্যাবলী ----------- পৃষ্ঠা -২

সেকশন-২ : বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ------------------------------------------ পৃষ্ঠা -৩

সেকশন-৩ : কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষমাত্রাসমূহ ------------------------------------------------------- পৃষ্ঠা -৪-৫

সংযোজনী-১ : কর্মসম্পাদন লক্ষ্য অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ---------------------------------------------------- পৃষ্ঠা -৬

# বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of Bangladesh Tourism Board)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

### সাম্প্রতিক অর্জন

২০১০ সালে প্রতিষ্ঠিত হবার পর পরই বাংলাদেশ ট্যুরিজম বোর্ড পর্যটন শিল্পের প্রচার ও বিপণনের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ শুরু করে। আন্তর্জাতিক পর্যটন মেলায় অংশগ্রহণ, বিদেশী ট্যুর অপারেটর ও মিডিয়া ব্যক্তিত্বদের বাংলাদেশে নিয়ে আসা, টিভি, প্রিন্ট ও অনলাইন মিডিয়াতে প্রচার, পর্যটন পণ্য উন্নয়নে বেসরকারি খাতকে সহযোগীতা প্রদান, সামাজিক যোগাযোগের মাধ্যমে প্রচার, তরুনদের ভ্রমণে উদ্বুদ্ধকরন, স্থানীয় জনগোষ্ঠীকে সচেতন করে তোলা, সংশ্লিষ্ট দপ্তর, সংস্থাগুলোর সাথে সমন্বয়, আন্তর্জাতিক ক্ষেত্রে যোগাযোগসহ বিটিবি বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। বিটিবি-র কার্যক্রমের ফলে আন্তর্জাতিক পর্যটন বাজারে বাংলাদেশ ক্রমেই পরিচিত হয়ে উঠছে। ২০১৩ সালে কোরিয়ায় অনুষ্ঠিত **Korea World Travel Fair (KOTFA) এ বাংলাদেশ ট্যুরিজম বোর্ড Best Marketing NTO (National Tourism Organization) Award অর্জন করে**। আন্তর্জাতিক পর্যটন মেলায় অংশগ্রহণের উপর এটাই বাংলাদেশের প্রথম কোন পুরস্কার অর্জন। **২০১৩-১৪ ও ২০১৪-১৫ অর্থ বছরে বিটিবি ৫৬ জন বিদেশী ট্যুর অপারেটর ও আন্তর্জাতিক মিডিয়ার প্রতিনিধিদের বাংলাদেশে নিয়ে আসে**। আগত আন্তর্জাতিক মিডিয়ার প্রতিনিধিগণ বাংলাদেশের পর্যটন শিল্পের উপর প্রায় ৭০ টি প্রতিবেদন প্রকাশ করে এবং বেশ কিছু ট্যুর অপারেটর বাংলাদেশে তাদের কার্যক্রম শুরু করেছে। আইসিসি ওয়ার্ল্ড টি-টুয়েন্টি -২০১৪ উপলক্ষ্যে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড একটি বিশেষ প্রচার কার্যক্রম বাস্তবায়ন করে। উক্ত প্রচার কার্যক্রমের উপর নির্মিত Beautiful Bangladesh-Land of Stories -শীর্ষক টেলিভিশন কমার্শিয়ালটি সারা বিশ্বে ব্যপক আলোড়ন সৃষ্টি করতে সক্ষম হয়েছে। এ পর্যন্ত টেলিভিশন কমার্শিয়ালটি ৫ টি আন্তর্জাতিক পুরস্কার অর্জন করেছে। **Best Television Commercial, Zagreb Tour film Festival, 2nd Best Commercial, Baku International Tourism Film Festival, American Business Award (Stevie Award-2014), Cannes Corporate Film Award এবং সম্প্রতি আইটিবি-বার্লিন-২০১৫ এ বিশ্বের সেরা টেলিভিশন কমার্শিয়াল হিসেবে পুরস্কৃত হয়**। ২০১৬ সালকে পর্যটন বর্ষ হিসেবে ঘোষণা এবং পর্যটন শিল্পের সুপরিকল্পিত উন্নয়নের জন্য স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী মহা-পরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত বিটিবি-র প্রস্তাব দু'টি জাতীয় পর্যটন পরিষদ কর্তৃক অনুমোদিত হয়েছে। পর্যটন বর্ষ-২০১৬ উদযাপন এবং মহা-পরিকল্পনা প্রণয়নে বিটিবি ইতোমধ্যে কার্যক্রম শুরু করেছে। আন্তর্জাতিক যোগাযোগের ক্ষেত্রেও বিটিবি সাফল্য অর্জন করেছে। সম্প্রতি বাংলাদেশ বিশ্ব পর্যটন সংস্থা **(UNWTO) এর Commission For South Asia (CSA) এর ভাইস-চেয়ারম্যান নির্বাচিত হয়েছে। এছাড়া Pacific Asia Travel Association (PATA), UNWTO Silk Road Program, WTTC সহ বিভিন্ন আন্তর্জাতিক ফোরামে বিটিবি কার্যকরী ভুমিকা পালন করে যাচ্ছে।**

### সমস্যা ও চ্যালেঞ্জসমূহ

১. ২০১০ সালে জাতীয় পর্যটন সংস্থা হিসেবে বিটিবি প্রতিষ্ঠিত হলেও এখনও এর জনবল নিয়োগ করা হয়নি। বাংলাদেশ পর্যটন করপোরেশন থেকে সংযুক্তির ভিত্তিতে নয় জন কর্মকর্তা ও এক জন কর্মচারী এবং বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ থেকে সংযুক্তির ভিত্তিতে এক জন কর্মচারী বিটিবি-তে কর্মরত আছে। উল্লেখ্য, ইতোমধ্যে নিয়োগবিধি অনুমোদিত হয়েছে এবং প্রশাসনিক মন্ত্রণালয় থেকেও ছাড়পত্র দেয়া হয়েছে। **বর্তমানে নিয়োগ প্রক্রিয়া চলমান, ফলে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হলে জনবল সমস্যার সমাধান হবে।**

২. পর্যটন শিল্পের প্রচার ও বিপণনে বিটিবি বেসরকারি খাতকে সম্পৃক্ত করে কার্যক্রম গ্রহণ করে। **তবে বিটিবি বা মন্ত্রণালয়ে ট্যুর অপারেটরদের কোন নিবন্ধন না থাকায় বেসরকারি খাতের বড় একটি অংশের বিটিবি বা মন্ত্রণালয়ের প্রতি আইনগত কোন দায়বদ্ধতা তৈরী হয়নি, যা বিটিবি-র কার্যক্রম সম্পাদনে একটি চ্যালেঞ্জ।**

### ভবিষ্যৎ পরিকল্পনা

১. জাতীয় পর্যটন নীতিমালা বাস্তবায়নকারী সংস্থা হিসেবে বিটিবি জাতীয় পর্যটন পরিষদের অনুমোদনক্রমে পর্যটন শিল্পের সার্বিক উন্নয়ন ও বিকাশের লক্ষ্যে একটি **স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী মহা-পরিকল্পনা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করেছে**। মহা-পরিকল্পনা তৈরীর কার্যক্রমটি আগামী ২০১৬-১৭ সালের মধ্যে শেষ হবে। মহাপরিকল্পনাটি বাস্তবায়িত হলে বাংলাদেশ বিশ্বের অন্যতম প্রধান আকর্ষণীয় পর্যটন গন্তব্যে পরিণত হবে।

২. **২০১৬ সালকে পর্যটন বর্ষ হিসেবে উদযাপন করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে ২০১৫-১৬, ২০১৬-১৭ এবং ২০১৭-১৮ অর্থবছরে তিন বছর মেয়াদী "Development and Promotion of Tourism for Visit Bangladesh Campaign"** শীর্ষক একটি প্রকল্প গ্রহণ করা হচ্ছে। পর্যটন বর্ষ উপলক্ষ্যে বহির্বিশ্বে বাংলাদেশের উপর ব্যপক প্রচার ও বিপণন কার্যক্রম বাস্তবায়ন করা হবে এবং স্থানীয়ভাবে পর্যটন স্থাপনাগুলোর সৌন্দর্যবর্ধন ও মৌলিক সুবিধাদি প্রদান নিশ্চিত করা হবে। আন্তর্জাতিক ক্ষেত্রে বাংলাদেশের উজ্জল ভাবমুর্তি গড়ে তুলতে এবং বাংলাদেশের পর্যটন আকর্ষণগুলোর প্রচার ও বিপণনে আন্তর্জাতিক টেলিভিশন চ্যানেল, প্রিন্ট ও অনলাইন মিডিয়াতে ব্যপক প্রচার কার্যক্রম বাস্তবায়ন করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

## সেকশন ১

# বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের রূপকল্প (Vision), অভিলক্ষ্য ( Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ ও কার্যাবলী

## রূপকল্প (Vision)

দক্ষিণ এশিয়ার মধ্যে বাংলাদেশকে অন্যতম প্রধান পর্যটন গন্তব্য হিসেবে গড়ে তোলা।

## অভিলক্ষ্য (Mission)

১. সুপরিকল্পিত ও টেকসই উন্নয়নের মাধ্যমে বিশ্বমানের পর্যটন পণ্য ও সেবার উন্নয়ন।
২. কার্যকরী প্রচার ও বিপণনের মাধ্যমে বহির্বিশ্বে বাংলাদেশের পর্যটন পণ্য ও সেবার বিপণন।

## কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১. পর্যটন শিল্পের পরিকল্পিত উন্নয়নের লক্ষ্যে একটি স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী পর্যটন মহা-পরিকল্পনা প্রনয়ন;
২. পর্যটন শিল্পের প্রচার ও বিপনণের জন্য পর্যটন বর্ষ-২০১৬ ( Visit Bangladesh Year-2016) উদযাপন;
৩. বহির্বিশ্বে জনসংযোগ ও প্রচার কার্যক্রমের মাধ্যমে পর্যটন গন্তব্য হিসেবে বাংলাদেশের উজ্জ্বল ভাবমুর্তি গড়ে তোলা;
৪. স্থানীয় জনগোষ্ঠীকে পর্যটন শিল্পের সাথে সম্পৃক্ত করার জন্য কমিউনিটি পর্যটন উন্নয়ন কার্যক্রম গ্রহণ;
৫. আন্তর্জাতিক পর্যটন বাজারে প্রবেশের জন্য বিভিন্ন বিপণন কর্মসূচী বাস্তবায়ন;
৬. মানসম্মত সেবা প্রদানে স্থানীয় জনগণকে উদ্বুদ্ধ করার জন্য পর্যটন সচেতনতামূলক কার্যক্রম বাস্তবায়ন;
৭. পর্যটন শিল্পের স্টেকহোল্ডারদের বিপণন সক্ষমতা বৃদ্ধিকল্পে কার্যক্রম বাস্তবায়ন।

## কার্যাবলী (Functions)

১. পর্যটন মহা-পরিকল্পনা প্রণয়নের জন্য আন্তর্জাতিক পর্যটন পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ
২. মহাপরিকল্পনা প্রনয়নের কার্যক্রম শুরু এবং ২০১৫-১৬ অর্থবছরে কমপক্ষে বিশ শতাংশ কাজ সম্পন্ন করা
৩. পর্যটন বর্ষ-২০১৬ এর আনুষ্ঠানিক উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন
৪. বৌদ্ধ ধর্মীয় স্থাপনা সমূহের সংরক্ষণ ও পর্যটন আকর্ষণ হিসেবে উন্নয়ন-সংক্রান্ত একটি আন্তর্জাতিক সেমিনার আয়োজন
৫. কক্সবাজারে মেগা বিচ কার্ণিভাল আয়োজন
৬. বৌদ্ধ ধর্মীয় স্থাপনা সমূহের সংরক্ষণ ও পর্যটন আকর্ষণ হিসেবে উন্নয়ন-সংক্রান্ত বিষয়ে একটি জাতীয় সেমিনার আয়োজন
৭. নিউজ রিলিজ, প্রেস রিলিজ এবং ইমেইল মার্কেটিং
৮. নিউজ রিপোর্ট/এডিটরিয়াল কভারেজ
৯. হোমস্টে কার্যক্রম
১০. আন্তর্জাতিক পর্যটন মেলায় অংশগ্রহণ
১১. পরিচিতিমূলক ভ্রমণের আয়োজন
১২. বাংলাদেশের জন্য সম্ভাবনাময় দেশগুলোতে রোড শো আয়োজন
১৩. ইভেন্ট ক্যালেন্ডার তৈরী ও প্রকাশ
১৪. পর্যটন স্পটসমূহের পার্শ্ববর্তী স্থানীয় জনগোষ্ঠী এবং স্ট্রিট ফুড ভেন্ডরদের সচেতনতা বৃদ্ধির জন্য কর্মশালা, প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন করা হবে।
১৫. প্রশিক্ষণ ও গাইড ট্রেইনিং কর্মসূচী